# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা
বার্ড এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩
১ম..কোয়ার্টার প্রতিবেদন এর প্রমাণক ক্রমিক নং ১.৩

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী ২০২২-২০২৩**

তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
সময়: দুপুর ০২:৩০ মিনিট
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড;
২। জনাব আবদুল্লাহ আল হুসাইন, যুগ্ম পরিচালক (গবেষণা), বার্ড;
৩। জনাব আবু তালেব, যুগ্ম পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৪। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির প্রথম সভা অদ্য ০১/০৯/২০২২ খ্রিস্টাব্দ দুপুর ০২:৩০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এ পর্যায়ে কমিটির সদস্য জনাব ফারুক হোসেন ২০২২-২০২৩ এর কর্মপরিকল্পনার প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

**(১) বার্ডের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের উপর আলোচনাঃ**

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | প্রথম কোয়ার্টারের অংশীজনের সভা ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে বার্ডে চলমান প্রশিক্ষণের সাথে সংশ্লিষ্টদের, দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধি/ অংশগ্রহণকারীগণকে নিয়ে সরাসরি/জুম প্লাটফর্মে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি |
| ১.৪। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে তথ্য অধিকার, জিআরএস, সিটিজেন চার্টার ইত্যাদি সংক্রান্ত সেশন অন্তর্ভূক্তির জন্য সংশ্লিষ্ট বিভাগকে জানানো হবে। | যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ) |
| ২.২। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে একাডেমির ২০২২-২০২৩ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) অর্থাৎ ক্রয় পরিকল্পনার ১০% বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নোট দিতে হবে। | পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা/প্রকল্প, প্রকল্প পরিচালকগণ |
| ২.৩। বাজেট বাস্তবায়ন | আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে একাডেমির ২০২২-২০২৩ অর্থবছরের অনুমোদিত বাজেট বরাদ্দের বিপরীতে অর্থাৎ বরাদ্দকৃত বাজেটের কমপক্ষে ১৫% বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নোট দিতে হবে। | পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/গবেষণা/প্রকল্প, প্রকলপ পরিচালকগণ |
| ২.৪। প্রকল্পের PIC সভা আয়োজন | আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে বার্ডে চলমান আধুনিকায়ন প্রকল্পের কার্যক্রমের উপর কমপক্ষে ০১টি পিআইসি সভা আয়োজন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নোট দিতে হবে। | প্রকল্প, পরিচালকগণ |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ৩.১। সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে একাডেমির টিওএন্ডই ভুক্ত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নোট দিতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.২। কর্মকর্তা-কর্মচারিদের ইলেকট্রনিক হাজিরা ব্যবস্থা চালু করণ | ইতোমধ্যে বার্ডের কর্মকর্তা-কর্মচারিদের জন্য ইলেকট্রনিক হাজিরা ব্যবস্থা চালু করা হয়েছে বলে সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। | পরিচালক (প্রশাসন) |

**(২) অন্যান্য আলোচনা ও সিদ্ধান্তঃ**

(ক) নৈতিকতা কমিটির সভা প্রত্যেক কোয়ার্টারের শুরুতে আয়োজন করার জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং কমিটির সদস্যদেরকে পরামর্শ প্রদান করা হয়।

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

01.09.2022
(ফারুক হোসেন)
সহকারী পরিচালক (ক্রীড়া) এবং
সদস্য, নৈতিকতা কমিটি

০১/৯/২২
(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

<u>বিতরণ</u>

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অফিস কপি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)

কোটবাড়ী, কুমিল্লা

নৈতিকতা কমিটির প্রথম সভার উপস্থিতি তালিকা

তারিখ: ০১/০৯/২০২২ খিস্টাব্দ

স্থান: মহাপরিচালকের অফিস কক্ষ

সভাপতি: মহাপরিচালক, বার্ড

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | [illegible] | পরিচালক | [illegible] |
| ০২ | আবদুল্লাহ আল হুসাইন | যুগ্ম-পরিচালক | [illegible] |
| ০৩ | মো. আবু তালেব | যুগ্ম পরিচালক | [illegible] 01/09/2022 |
| ০৪ | ফারুক হোসেন | সহকারী পরিচালক | [illegible] 01.09.2022 |
| | | | |
| | | | |